

একই তারিখ ও স্মারকে স্থলাভিষিক্ত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
এনজিও বিষয়ক ব্যুরো  
প্রধানমন্ত্রীর কার্যালয়  
প্লট-ই-১৩/বি, আগারগাঁও, শেরেবাংলা নগর  
ঢাকা-১২০৭।  
www.ngoab.gov.bd

বিষয়ঃ মহামান্য হাইকোর্ট বিভাগের রীট পিটিশনের রায় অনুযায়ী যৌন হয়রানী ও নিপীড়ন রোধ সংক্রান্ত এনজিও বিষয়ক ব্যুরোর “কমপ্লাইন্ট কমিটি”র ১ম সভার কার্যবিবরণী।

সভাপতি : হরে জান্নাত  
সহকারী পরিচালক-২  
এনজিও বিষয়ক ব্যুরো।

সভার তারিখ ও সময় : ২৬.০৮.২০২০, বুধবার বিকাল ০৩.০০ টা

সভায় উপস্থিত সদস্যদের তালিকা : পরিশিষ্ট ক তে উল্লেখ করা হলো।

গত ২৬.০৮.২০২০ তারিখ বিকাল ০৩.০০ ঘটিকায় মহামান্য হাইকোর্ট বিভাগের রীট পিটিশনের রায় অনুযায়ী এনজিও বিষয়ক ব্যুরোর “কমপ্লাইন্ট কমিটি”র ২০২০ সনের ১ম সভা জনাব হরে জান্নাত, সহকারী পরিচালক-২ এর সভাপতিত্বে (কক্ষ নং-৫১৪) অনুষ্ঠিত হয়।


সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভার শুরুতে মহামান্য হাইকোর্ট বিভাগের রীট পিটিশনের রায় অনুযায়ী সকল কর্মক্ষেত্রে যৌন হয়রানী ও নিপীড়ন রোধ সংক্রান্ত নির্দেশনা সভাকে অবহিত করা হয় এবং উক্ত নির্দেশনার আলোকে যথাযথ পদক্ষেপ গ্রহণের জন্য কমিটি সংশ্লিষ্ট সকল সদস্যকে অনুরোধ জানানো হয়। সভায় নতুন সদস্য হিসেবে জনাব সেলিনা ইয়াসমিন, সুপারিনটেনডেন্ট-১ কে কো-অপ্ট করার সিদ্ধান্ত হয়। পূর্বের সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়। কোন সংশোধনী না থাকায় ইতোপূর্বের সভার কার্যবিবরণী দৃঢ়করণ করা হয়। ২৮.০১.২০২০ তারিখে কমপ্লাইন্ট কমিটির বার্ষিক প্রতিবেদন মহাপরিচালক বরাবর দাখিল করা হয়েছে। সভার আলোচনা ও গৃহীত সিদ্ধান্ত নিম্নবর্ণিত ছকে উল্লেখ করা হলোঃ

ক্রঃ	আলোচ্য বিষয়	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
০১.	কমপ্লাইন্ট কমিটির পরবর্তী সভা কখন অনুষ্ঠিত হবে এবং সভায় কতটি এনজিও ও কোন জাতীয় এনজিও অংশগ্রহণ করবেন সে বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।	১। আগামী নভেম্বর/২০২০ মাসে সামাজিক দুরত্ব বজায় রেখে সভা অনুষ্ঠিত হবে। নারী উদ্যোগ কেন্দ্র ২০টি এনজিও'র একটি তালিকা আগামী সেপ্টেম্বর/২০২০ মাসে ব্যুরোতে সরবরাহ করবেন এবং অত্র ব্যুরোতে ০৫টি এনজিও'র যারা কমপ্লাইন্ট কমিটি গঠন করে ব্যুরোকে অবহিত করেছে (TIB, BYLC, Save the Children, BRAC, নারীপক্ষ) তাদের নিয়ে একটি তালিকা নির্ধারণ করে সবাইকে অবহিত করতে হবে। Awareness নিয়ে পরবর্তীতে সভা/ সেমিনার করা হবে এবং পূর্বেই এজেন্ডা ঠিক করতে হবে। ২। কমিটি গঠনের বিষয়ে সংস্থাসমূহে পুনরায় পত্র দিতে হবে এবং Web site-এ আপলোড করতে হবে।	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ এনজিও বিষয়ক ব্যুরোর কমপ্লাইন্ট কমিটি। এসাইনমেন্ট অফিসার-১ ও প্রোগ্রামার।

১১

ক্রঃ	আলোচ্য বিষয়	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
০২.	মহামান্য হাইকোর্টের ০৩ নং সিদ্ধান্তের বিষয়ে গৃহীত ব্যবস্থা সম্পর্কে আলোচনা হয়। নারী উদ্যোগ কেন্দ্রের নির্বাহী পরিচালককে “সকল কর্মক্ষেত্রে ও শিক্ষা প্রতিষ্ঠানে যৌন হয়রানী ও নিপীড়ন রোধ সংক্রান্ত” হাইকোর্টের সর্বশেষ কোন রায় বা দিক-নির্দেশনা আছে কিনা তা সভাকে অবহিত করার জন্য অনুরোধ করা হলে তিনি জানান নতুন কোন আপডেট নেই।	পরবর্তী সভায় হাইকোর্টের নতুন কোন আপডেট থাকলে সভায় জানাতে হবে।	নির্বাহী পরিচালক, নারী উদ্যোগ কেন্দ্র
০৩.	বার্ষিক প্রতিবেদন (২০১৯-২০) দাখিলের বিষয়টি নিয়ে আলোচনা হয়। এনজিও ব্যুরোর ‘অভিযোগ কমিটি’র ২০১৯-২০ অর্থ বছরের বার্ষিক প্রতিবেদন গত ২৮.০১.২০২০ তারিখ মহাপরিচালক বরাবর দাখিল করা হলেও এখন পর্যন্ত কোন কপি শাখাতে পাওয়া যায়নি। বছরে এ কমিটির ২টি সভা এবং বছর শেষে বার্ষিক প্রতিবেদন দাখিলের নির্দেশনা রয়েছে।	আদালতের রায় মোতাবেক সভা ও বার্ষিক প্রতিবেদন দাখিল করতে হবে।	এনজিও বিষয়ক ব্যুরোর কমিটি

০২। সভায় আর কোন এজেন্ডা না থাকায় যৌন হয়রানিমুক্ত কর্মক্ষেত্র বিনির্মাণে সকলের ঐকান্তিক সহযোগিতা কামনা করে ও সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
(হরে জামাত)

(সিনিয়র সহকারী সচিব)  
এসাইনমেন্ট অফিসার-২

ও  
আহবায়ক, কমপ্লাইন্ট কমিটি

নথিনং- ০৩.০৭.২৬৬৬. ৬৬১.২১.০০৬.১৯- ২৫

তারিখঃ ০৯.০৯.২০২০

বিতরণঃ সদয় অবগতি ও কার্যার্থে-

০১. পরিচালক (নিওঅ), প্র-১, প্র-২, এনজিও বিষয়ক ব্যুরো, ঢাকা।
০২. উপপরিচালক (সাঃ) / উপপরিচালক(পওনি), এনজিও বিষয়ক ব্যুরো।
০৩. এসাইনমেন্ট অফিসার -১/২/ ৩/ ৪/ ৫, এনজিও বিষয়ক ব্যুরো
০৪. সহকারী পরিচালক-১/২, বিষয়ক ব্যুরো।
০৫. প্রোগ্রামার, এনজিও বিষয়ক ব্যুরো, ঢাকা (কার্যবিবরণীটি ব্যুরোর ওয়েবসাইটে আপলোড করার অনুরোধসহ)।
০৬. মাহশুদা খাতুন শেফালী, নির্বাহী পরিচালক, নারী উদ্যোগ কেন্দ্র, ২/২১ বাবর রোড, ব্লক-বি, মোহাম্মদপুর, ঢাকা।
০৭. মালেকা বানু, সাধারণ সম্পাদক, বাংলাদেশ মহিলা পরিষদ, ১০/বি/১ সেগুনবাগিচা, ঢাকা-১০০০
০৮. সকল শাখা সহকারী, এনজিও বিষয়ক ব্যুরো
০৯. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, এনজিও বিষয়ক ব্যুরো (মহাপরিচালক মহোদয়ের অবগতির জন্য)
১০. অফিস কপি।